

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং- ০১৮২৪৪৭৭৬৯৩

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

১৮ অক্টোবর' ২০২৩।

নেতৃত্ব নির্মলে হত্যা করা হয় শেখ রাসেলকে: মেয়র রেজাউল

মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বৃদ্ধ নেতৃত্বের ধারাকে নির্মল করার জন্য শেখ রাসেলকে হত্যা করা হয়েছে বলে মন্তব্য করেছেন চট্টগ্রাম সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী।

বুধবার টাইগারপাসস্থ চসিক কার্যালয়ে শেখ রাসেলের জন্মদিন উপলক্ষে খতমে কোরআন, দোয়া মাহফিল আলোচনা সভার প্রধান অতিথির বক্তব্যে মেয়র বলেন, শেখ রাসেলের মতো নিষ্পাপ শিশুকে হত্যার মূল উদ্দেশ্য ছিল মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বৃদ্ধ নেতৃত্বের ধারাকে নির্মল করা। বঙ্গবন্ধুর পর দেশকে সামনের দিকে এগিয়ে নেয়ার দায়িত্ব পালনের মতো যাতে কেউ বেঁচে না থাকে তার জন্যই শেখ রাসেলকে হত্যা করা হয়। তবে, হত্যাকারীদের উদ্দেশ্য বাস্তবায়িত হয়নি, ফিনিয়া পাখির মতো বাঙালি জাতি শেখ হাসিনার নেতৃত্বে ঘুরে দাঢ়িয়েছে।

শেখ রাসেল দীপ্তিময়, নির্ভীক নির্মল দুর্জয় এই প্রতিপাদ্যকে সামনে রেখে শেখ রাসেল দিবস উদযাপন উপলক্ষে আলোচনা সভায় আরো উপস্থিত ছিলেন চসিকের প্রধান নির্বাহী কর্মকর্তা শেখ মুহম্মদ তৌহিদুল ইসলাম, প্যানেল মেয়র গিয়াস উদ্দিন, কাউন্সিলর ও সমাজকল্যাণ স্থায়ী কমিটির চেয়ারম্যান আবদুস সালাম মাসুম, হাজী নূরুল হক, হাসান মুরাদ বিপ্লব, শাহেদ ইকবাল বাবু, আবদুল মান্নান, মো. ইসমাইল আবুল হাসনাত মো. বেলাল, আনজুমান আরা, সচিব খালেদ মাহমুদসহ চসিকের বিভাগীয় সভাপতিবৃন্দ।

ডাঃ জাকির হোসেন হোমিও কলেজে হোমিওপ্যাথিক ডিগ্রী কোর্স চালুর লক্ষ্যে চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়ের সদস্যবৃন্দের পরিদর্শন

ডাঃ জাকির হোসেন সিটি কর্পোরেশন হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ ও হাসপাতালে ব্যচেলর অব হোমিওপ্যাথিক মেডিসিন এন্ড সাজারী (বিএইচএমএস) হোমিওপ্যাথিক ডিগ্রী কোর্স চালুর লক্ষ্যে চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়ের সদস্যবৃন্দের সরেজমিনে কলেজ পরিদর্শন করেন। সম্প্রতি কমিটির সদস্যবৃন্দ হোমিও কলেজটি পরিদর্শন করেন। সদস্যগণ হলেন-অধ্যাপক ডাঃ মোঃ হাফিজুল ইসলাম, ডাঃ বিদ্যুৎ বড়ুয়া, ডাঃ আইরিন সুলতানা ও মাহি আল জিসা।

পরিদর্শনকালে উপস্থিত ছিলেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের স্বাস্থ্য শিক্ষা স্ট্যাডিং কমিটির চেয়ারম্যান ও জহর লাল হাজারী, কলেজ পরিচালনা কমিটির সহ সভাপতি ও কাউন্সিলর হাসান মুরাদ বিপ্লব, স্বাস্থ্য শিক্ষা স্ট্যাডিং কমিটির সদস্য ও কাউন্সিলর আলহাজ আবদুস সালাম মাসুম এবং চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান স্বাস্থ্য কর্মকর্তা (ভারপ্রাপ্ত) ডাঃ মোহাম্মদ ইমাম হাসান রানা, কলেজ পরিচালনা কমিটির দাতা সদস্য ও বাংলাদেশ হোমিওপ্যাথি বোর্ড এর চট্টগ্রাম বিভাগীয় সাবেক সদস্য আলহাজ্জ ডাঃ সালেহ আহমেদ সুলেমান, কলেজের অধ্যক্ষ ডাঃ মোঃ নূরুল আমিন, উপাধ্যক্ষ সহ শিক্ষক-শিক্ষিকা উপস্থিত ছিলেন।
পরিদর্শন কমিটি কলেজের অধ্যক্ষকে কোর্সটি চালু করণের বিষয়ে নীতিমালা অনুসরন সহ সার্বিক বিষয়ে বিভিন্ন দিক নির্দেশনা প্রদান করেন।

চসিকের উদ্যোগে মনসুরাবাদ ও সাগরিক রোডে উচ্চেদ অভিযান পরিচালনা করা হয়

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ বুধবার সকালে চসিক আপ্পলিক নির্বাহী কর্মকর্তা ও নির্বাহী ম্যাজিস্টেট মোঃ রেজাউল করিম এর নেতৃত্বে মুনসুরাবাদ হ্যারত মুনসুর আলী শাহ মাজার সংলগ্ন সিটি কর্পোরেশনে জায়গা অবৈধ দখল মুক্ত করা হয় এবং সাগরিকা স্টেডিয়াম মোড়, কাস্টম একাডেমি ও সাগরিকা রাস্তার মোড় পর্যন্ত ফুটপাথের উপর শতাধিক অবৈধ স্থাপনা সহ বিভিন্ন প্রতিষ্ঠানের অনুমোদন হীন স্ল্যাপ ভেঙ্গে গুড়িয়ে দেয়া হয়। ব্যবসায়ীদের আগামী তিন দিনের মধ্যে সিটি কর্পোরেশনের অনুমোদন নিয়ে স্ল্যাব স্থাপনের নির্দেশনা দেয়া হয়।

অভিযানে চসিক এস্টেট শাখা, পরিচ্ছন্ন শাখার কর্মকর্তা-কর্মচারী ও সিএমপি প্রশাসন ম্যাজিস্ট্রেট কে অভিযান পরিচালনায় সহায়তা করেন।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৮৮৮